বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন
Bangladesh Insurance Association

*সূত্র ঃ বিআইএ-৩(৬০)/২০২৪-* *তারিখ ঃ মে ৩০, ২০২৪*

# সংবাদ বিজ্ঞপ্তি

## মাননীয় অর্থমন্ত্রী ও অর্থ প্রতিমন্ত্রীর সঙ্গে বিআইএ-এর প্রতিনিধি দলের সাক্ষাৎ



ঢাকা ঃ মে ৩০, ২০২৪

বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন (বিআইএ)-এর প্রেসিডেন্ট জনাব শেখ কবির হোসেন-এর নেতৃত্বে বিআইএ-এর নির্বাহী কমিটির সদস্যবৃন্দ, জনাব মাহবুবুর রহমান, চেয়ারম্যান, ইষ্টল্যান্ড ইন্স্যুরেন্স কোম্পানী এবং জনাব নিজাম উদ্দিন আহমেদ, চেয়ারম্যান, মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী বৃহস্পতিবার ৩০ মে ২০২৪ইং তারিখে মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল হাসান মাহমুদ আলী, এম পি, অর্থ প্রতিমন্ত্রী ওয়াসিকা আয়শা খান, এম পি-এর সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে জনাব শেখ কবির হোসেন-বিআইএ সম্পর্কে প্রাথমিক ধারণা এবং বীমা শিল্পের বিভিন্ন প্রকার চলমান সমস্যাদি উপস্থাপন করেন। পরবর্তীতে জনাব পি. কে. রায়, এফসিএ (১) নন-লাইফ বীমায় সকল শ্রেনীর নৌ-কার্গো, নৌ-হাল, বিবিধ বীমাসহ বীমা সেবার পুনঃবীমাযোগ্য সকল প্রিমিয়াম রেমিটেন্সের উপর ভ্যাট (মূসক) কর্তন অব্যাহতি (২) পুনঃবীমা কমিশনের বিপরীতে ১৫% উৎসে মূল্য সংযোজন কর আদায় বা কর্তন বিলুপ্তি ও (৩) আয়কর আইন-২০২৩-এর উৎসে কর কর্তন বিলুপ্ত করন বিষয়ে বিস্তারিত আলোকপাত করেন। জনাব মোঃ ইমাম শাহীন, জনাব মোঃ জালালুল আজিম, মিজ ফারজানা চৌধুরী ও জনাব নাসির উদ্দিন আহমেদ (পাভেল), প্রথম ভাইস-প্রেসিডেন্ট চলমান স্বাস্থ্য বীমা, ডিজিটাল ষ্ট্যাম্প ও ডিজিটাল স্বাক্ষর সম্পর্কিত বিষয় ও বিভিন্ন সমস্যাবলী তুলে ধরেন। প্রেসিডেন্ট মহোদয় এ সম্পর্কিত একটি পত্র মাননীয় অর্থমন্ত্রী ও অর্থ প্রতিমন্ত্রী মহোদয়ের নিকট হস্তান্তর করেন। মাননীয় মন্ত্রী ও প্রতিমন্ত্রী গভীর মনোযোগ সহকারে বীমা খাতের চলমান সমস্যাবলী শুনেন এবং সমাধানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের আশ্বাস প্রদান করেন।

Hossain Tower (9th floor), Box Culvert Road, 116, Naya Paltan, Dhaka-1000
Tel: 9330179, 9346378, Fax: 88-02-9346378, E-mail : biadhaka1988@gmail.com, bia@bdcom.com, web: www.biabd.org



পরবর্তীতে বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন (বিআইএ) এর প্রেসিডেন্ট জনাব শেখ কবির হোসেন এর নেতৃত্বে প্রতিনিধিবৃন্দ আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব জনাব মোঃ আবদুর রহমান খান, এফসিএমএ এর সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন এবং বীমা সেক্টরের বর্তমান অবস্থা সম্পর্কে আলোচনা করেন।

বিআইএ-এর প্রেসিডেন্ট জনাব শেখ কবির হোসেন-এর নেতৃত্বে জনাব মোজাফফর হোসেন পল্টু, সদস্য, নির্বাহী কমিটি, বিআইএ, জনাব মাহবুবুর রহমান, চেয়ারম্যান, ইষ্টল্যান্ড ইন্স্যুরেন্স, জনাব নিজাম উদ্দিন আহমেদ, চেয়ারম্যান, মেঘনা লাইফ ইন্স্যুরেন্স, জনাব নাসির উদ্দিন আহমেদ, প্রথম ভাইস-প্রেসিডেন্ট, বিআইএ, জনাব মজিবুল ইসলাম, সদস্য, নির্বাহী কমিটি, বিআইএ, জনাব পি. কে. রায়, এফসিএ, উপদেষ্টা, রুপালী ইন্স্যুরেন্স, জনাব বি এম ইউসুফ আলী, সদস্য, নির্বাহী কমিটি, বিআইএ, জনাব মোঃ জালালুল আজিম, সদস্য, নির্বাহী কমিটি, বিআইএ, মিজ ফারজানা চৌধুরী, সদস্য, নির্বাহী কমিটি, বিআইএ, জনাব মোঃ ইমাম শাহীন, সদস্য, নির্বাহী কমিটি, বিআইএ ছাড়াও মহাসচিব নিশীথ কুমার সরকার এবং সেক্রেটারী জনাব মোঃ ওমর ফারুক, এনডিসি উপস্থিত ছিলেন।

---

চীপ রিপোর্টার/নিউজ এডিটর

.....................................

ঢাকা।

উক্ত সংবাদ বিজ্ঞপ্তিটি প্রচার / প্রকাশ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

(নিশীথ কুমার সরকার)
সেক্রেটারী জেনারেল